

RBI/2017-18/132

DCM (RMMT) No.2945/11.37.01/2017-18

ফেব্রুয়ারী 15, 2018

চেয়ারম্যান এবং প্রাবন্ধিক নির্দেশক /

প্রাবন্ধিক নির্দেশক /

মুখ্য কার্যনির্বাহী আধিকারিক

সমস্ত ব্যাংক সমূহ

প্রিয় মহাশয়,

কয়েন (ধাতু মুদ্রা)-এর গ্রহণ

কাউন্টারে পেশ করা নোট এবং মুদ্রা বিনিময় সুবিধার বিষয়ে আমাদের সংযুক্ত সার্কুলার We invite a reference to Paragraph 1 (d) of our Master Circular DCM (NE) No. G - 1/08.07.18/2017-18 dated July 03, 2017 এর অনুচ্ছেদ 1(d) উল্লেখ করা হচ্ছে যেখানে নির্দেশ দেওয়া হয়েছিল যে কোন ব্যাংক শাখা তাদের কাউন্টারে পেশ করা কম মূল্যমানের নোট এবং অথবা কয়েন গ্রহণ করতে অস্বীকার করবে না। কিন্তু রিজার্ভ ব্যাংক শাখাগুলির বিরুদ্ধে কাউন্টারে কয়েন জমা না নেওয়া সংক্রান্ত অভিযোগ পেয়ে চলেছে। এই অস্বীকার অনুরূপভাবে ছোট দোকান মালিক, ব্যবসা ইত্যাদির সঙ্গে যুক্ত ব্যক্তিদের বিক্রয় বা পরিষেবা মূল্য হিসাবে কয়েন গ্রহণ করার পথে বাধা সৃষ্টি করছে বলে জানা গেছে যা জনসাধারণকে সামগ্রিক অসুবিধার মধ্যে ফেলছে। সেই কারণে আপনাদের নির্দেশ দেওয়া হচ্ছে যে কাউন্টারে জমা দেওয়া যে কোন মূল্যমানের কয়েন বিনিময়ের জন্য বা অ্যাকাউন্টে জমা হিসাবে নেওয়ার জন্য সমস্ত ব্যাংক শাখাকে নির্দেশ দিন।

2. আমরা আরও নির্দেশ দিচ্ছি যে কয়েন গ্রহণ করা ক্ষেত্রে, বিশেষত: 1টাকা ও 2 টাকা মূল্যমানের কয়েন ওজনের মাধ্যমে গ্রহণ করা সুবিধাজনক হবে। যদিও প্রতি প্যাকেটে 100 টি কয়েনযুক্ত পলিথিন প্যাকেটবন্দী কয়েন গ্রহণ করা সম্ভবত: গ্রাহক এবং উপভোক্তা উভয়ের পক্ষে সুবিধাজনক। এই রকমের পলিথিনের প্যাকেট কাউন্টারে রাখা যেতে পারে এবং গ্রাহক বিনিময়ে ব্যবহার করা যেতে পারে। এই মর্মে সূচনা সাধারণ জনগণের অবগতির জন্য ব্যাংক ভবনটির ভিতরে এবং বাইরে প্রদর্শিত করতে হবে।

3. ব্যাংক শাখাগুলিতে কয়েন জমে থাকার সমস্যা থেকে মুক্ত হতে জমা হওয়া কয়েন বিদ্যমান ব্যবস্থা অনুসারে কারেন্সী চেষ্টা গুলিতে পাঠিয়ে দেওয়া যেতে পারে। এইভাবে কারেন্সী চেষ্টাগুলিতে জমা হওয়া কয়েন বাজারজাত করার জন্য পুনরায় জারি করা যেতে পারে। যদি চাহিদার অভাবে চেষ্টাগুলিতে এই কয়েনের ভাণ্ডার সংরক্ষণে স্থান সংকুলান করা না যায় তবে সেই কয়েনগুলি প্রেরণ করার জন্য সম্বন্ধিত অঞ্চলের নির্গম বিভাগের সঙ্গে যোগাযোগ করা যেতে পারে।

4. নিয়ন্ত্রণ আরোপকারী কার্যালয়গুলি যাদের অধিক্ষেত্রে ব্যাংক শাখাগুলি অবস্থিত তাদের ব্যাংক শাখাগুলিকে আকস্মিক পরিদর্শন করে এই নির্দেশ অনুপালনে ব্যাংকগুলির অবস্থান সংক্রান্ত বিবরণী প্রধান কার্যালয়ে পাঠানোর জন্য নির্দেশ দেওয়া হচ্ছে। এই বিবরণীগুলি প্রধান কার্যালয়ে আলোচিত হওয়া দরকার এবং প্রয়োজনীয় ক্ষেত্রগুলিতে দ্রুত নিবারণমূলক পদক্ষেপ গ্রহণ করা দরকার।

5. এই নির্দেশ সংক্রান্ত অননুপালন ভারতীয় রিজার্ভ ব্যাংক কর্তৃক জারি করা নির্দেশবিধির লঙ্ঘন হিসাবে গণ্য হবে এবং সময় সময়ে, যেমন প্রয়োজ্য, সেই অনুসারে আর্থিক দণ্ড সহ শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার জন্য উপযুক্ত বিবেচিত হবে।

6. অনুগ্রহ করে প্রাপ্তি স্বীকার করুন।

আপনার বিশ্বস্ত

(উমা শংকর)

কাযনির্বাহী নির্দেশক